

Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 18 July, 2025

দক্ষিণী সিনেমা ইন্ডাস্ট্রির জনপ্রিয় অভিনেতা বিজয় দেবারকোভা দীর্ঘদিন ধরে ছিলেন বড়পর্দার বাইরে। তবে চলতি মাসের শেষ দিকে ‘কিংডম’ সিনেমার মাধ্যমে আবারও ফিরছেন দর্শকদের সামনে। সিনেমাটিতে বিজয়ের পাশাপাশি অভিনয় করেছেন ভাগ্যশ্রী ও সত্যদেব।

মুক্তির আগে পুরোদমে প্রচার চালাচ্ছেন বিজয়। কিন্তু এর মধ্যেই হঠাৎ দুঃসংবাদ— অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হতে হয়েছে তাকে।

গণমাধ্যম সূত্রে জানা গেছে, ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন এ দক্ষিণী সুপারস্টার।

অভিনেতার পাশে রয়েছেন তার পরিবারের সদস্যরা। সিনেমার টিমের পক্ষ থেকেও নিয়মিত খোঁজখবর নেওয়া হচ্ছে। চিকিৎসকরা জানিয়েছেন, কয়েক দিনের মধ্যেই সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পাবেন বিজয়।

‘কিংডম’-এ শরণার্থী সংকটের গল্প

গৌতম তিল্লানুরি পরিচালিত অ্যাকশনধর্মী ‘কিংডম’-এর পটভূমি গড়ে উঠেছে স্বাধীনতা-পরবর্তী শ্রীলঙ্কার সিংহলি-তামিল জাতিগত সংঘাত ও শরণার্থী সংকটকে কেন্দ্র করে। সিনেমাটির গল্পে বাস্তব রাজনৈতিক টানা পড়েন এবং মানবিক বিপর্যয় উঠে এসেছে।

প্রথমে সিনেমাটি মুক্তি পাওয়ার কথা ছিল গত ৩০ মে। তবে একাধিক কারণে তা পিছিয়ে ৪ জুলাই এবং পরে আরও এক দফা পেছিয়ে ৩১ জুলাই নির্ধারণ করা হয়।

মুক্তি বিলম্বের অন্যতম কারণ ছিল ভারত-পাকিস্তান সীমান্তে বেড়ে যাওয়া সাম্প্রতিক উত্তেজনা। বিশেষ করে গত ২২ এপ্রিল জম্মু ও কাশ্মীরের পেহেলগামে জঙ্গি হামলার পর নির্মাতারা নতুন করে মুক্তির কৌশল নিয়ে ভাবতে বাধ্য হন।

তবে এসব প্রতিবন্ধকতা সত্ত্বেও ‘কিংডম’ ঘিরে দর্শকমহলে কৌতূহল ও আগ্রহে কোনো ভাটা পড়েনি।

বিজয় দেবারকোভা | দক্ষিণী সিনেমা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:40

URL: <https://timestodaybd.com/entertainment/6162344954>

